বাংলাদেশ উপকূলে সীউইড চাষ এবং সীউইডজাত পণ্য উৎপাদন গবেষণা প্রকল্প
Project on Seaweed Culture & Seaweed Based Product Development Research in Bangladesh Coast
বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, সামুদ্রিক মৎস্য ও প্রযুক্তি কেন্দ্র, কক্সবাজার-৪৭০০
Bangladesh Fisheries Research Institute, Marine Fisheries & Technology Station, Cox's Bazar 4700, Bangladesh

তারিখঃ ২৮-০৯-২০২১ খ্রি:

স্মারক নং-৩৩.০৪.০০০০.১২৪.০৩.০০১.১৯-৩৪

## সভার নোটিশ

বাংলাদেশ উপকূলে সীউইড চাষ এবং সীউইডজাত পণ্য উৎপাদন গবেষণা প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) এর ৬ষ্ঠ সভা আগামী ২৯-০৯-২০২১ ইং তারিখে সকাল ১১.০০ ঘটিকায় Online Zoom Platform এর মাধ্যমে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার জন্য বিনীত অনুরোধ করা হলো।

Online Zoom Platform
Meeting ID: 304 456 8769
Passcode: seaweed

স্বাক্ষরিত:
(মো: মহিদুল ইসলাম)
প্রকল্প পরিচালক
ও
সদস্য-সচিব, পিআইসি কমিটি

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (পরিকল্পনা) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (একজন প্রতিনিধি মনোনয়ন প্রদানের অনুরোধসহ)।
০২. সচিব, কৃষি, পানিসম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা। (একজন প্রতিনিধি মনোনয়ন প্রদানের অনুরোধসহ)।
০৩. সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা। (একজন প্রতিনিধি মনোনয়ন প্রদানের অনুরোধসহ)।
০৪. মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনষ্টিটিউট ।
০৫. মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (পরিকল্পনা), বাংলাদেশ মৎস্য গবেষণা ইনষ্টিটিউট ।
০৬. প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (পরিকল্পনা), বাংলাদেশ মৎস্য গবেষণা ইনষ্টিটিউট ।
০৭. সংশ্লিষ্ট নথি/মাষ্টার নথি

28/09/2021

প্রকল্প পরিচালক
ও
সদস্য-সচিব, পিআইসি কমিটি

Mobile: +8801719355655, Email: mohidbfri@gmail.com , Website: www.fri.gov.bd

Gmail

DG BFRI <dgbfri@gmail.com>

# Seaweed PIC 6 Working paper

1 message

**Md. Mohidul Islam** <mohidbfri@gmail.com> Tue, Sep 28, 2021 at 10:57 PM
To: dgbfri <dgbfri@gmail.com>, mahmuda1982khanam@gmail.com, "Md. Shahidul Islam" <shahidbfri@yahoo.com>, jahidulanam <jahidulanam@gmail.com>, md mozahid <mozahid186@gmail.com>, mozahid38mmr38@gmail.com, nayeembfri95 <nayeembfri95@gmail.com>, Zakir Hossain <zhossain0005@gmail.com>, shaheenur@gmail.com

Dear Sir,
Please find the attachment for your kind perusal.
You can Join the meeting
MOHID is inviting you to a scheduled Zoom meeting.

Topic: Seaweed PIC meeting 6
Time: Sep 29, 2021 11:00 AM Astana, Dhaka

Join Zoom Meeting
https://us04web.zoom.us/j/3044568769?pwd=bko0MGRpVVVMVGI4QVF5L1lXdmZyUT09

Meeting ID: 304 456 8769
Passcode: seaweed

Thanks and regards

--

**With regards**
**Md. Mohidul Islam**
*PROJECT DIRECTOR*
**"Seaweed Culture & Seaweed Product Development in Bangladesh Coast" Research Project**
Bangladesh Fisheries Research Institute
Marine Fisheries & Technology Station
Cox's bazar-4700
Mobile: +88-01719355655
*Email: mohidbfri@gmail.com*
*Website: http://www.fri.gov.bd/*

**PIC karjopotro 6.pdf**
526K

## বাংলাদেশ উপকূলে সীউইড চাষ এবং সীউইডজাত পণ্য উৎপাদন গবেষণা শীর্ষক প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) ৬ষ্ঠ সভার কার্যপত্রঃ

১. প্রকল্পের শিরোণাম : বাংলাদেশ উপকূলে সীউইড চাষ এবং সীউইডজাত পণ্য উৎপাদন গবেষণা

২.
(ক) উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালায়

(খ) বাস্তবায়নকারী সংস্থা (সংস্থাসমূহ) : বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট

৩. প্রকল্পের বাস্তবায়নকাল :
ক) শুরুর তারিখ : ১ জানুয়ারী ২০১৮
খ) সমাপ্তির তারিখ : ৩১ ডিসেম্বর ২০২১

৪. প্রকল্পের প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা) :
মোট : ১৬৮৬.০০
জিওবি : ১৬৮৬.০০
নিজস্ব অর্থ : -
অন্যান্য : -

৫. প্রকল্প এলাকা : কক্সবাজার ও পটুয়াখালী

৬. প্রকল্পের উদ্দেশ্য

- বাংলাদেশ উপকূলে অর্থনৈতিক গুরুত্বসম্পন্ন সীউইড প্রজাতির জরিপ ও সনাক্তকরণ;
- উপকূলে উপযুক্ত চাষ এলাকা নির্বাচন ও বিভিন্ন সীউইড প্রজাতির টেকসই চাষ প্রযুক্তি উদ্ভাবন;
- সমুদ্র উপকূলে প্রাপ্য ও উৎপাদিত সীউইডের বাণিজ্যিক ব্যবহার নিশ্চিতকরণ।

৭. চলতি ২০২১-২২ অর্থ বছরে এডিপি বরাদ্দ : ৭৪৬.০০ লক্ষ

৮. চলতি ২০২১-২২ অর্থ বছরের সেপ্টেম্বর পর্যন্ত ব্যয় : ৪০.৭১ লক্ষ

৯। চলতি অর্থবছরের (২০২১-২২) ক্রয় কার্যক্রম ঃ

(লক্ষ টাকা)

| চলতি অর্থবছরের দরপত্র আহ্বান | | চলতি অর্থবছরের সেপ্টে/২১ পর্যন্ত কার্যাদেশ দেয়া হয়েছে | | দরপত্র আহ্বান করা হলেও কার্যাদেশ প্রদান করা হয়নি | | অদ্যাবধি দরপত্র আহ্বান করা হয়নি | |
|---|---|---|---|---|---|---|---|
| মোট প্যাকেজ সংখ্যা | প্রাক্কলিত ব্যয় | মোট প্যাকেজ সংখ্যা | চুক্তি মূল্য | মোট প্যাকেজ সংখ্যা | প্রাক্কলিত ব্যয় | মোট প্যাকেজ সংখ্যা | প্রাক্কলিত ব্যয় |
| ০৪<br>আরএফকিউ-০৩<br>ওটিএম-০০<br>সরাসরি ক্রয়-০১ | ১০১.০০ | ০০ | ০০.০০ | ০২ | ৩৬.০০ | ০২ | ৬৫.০০ |

১০। **পিআইসি কমিটির সভা আহ্বানের উদ্দেশ্য:**
ক। চলতি ২০২১-২২ অর্থবছরের গৃহিত কার্যক্রম এবং এর অগ্রগতি পর্যালোচনা
খ। বিবিধ।

# বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট

**বাংলাদেশ উপকূলে সীউইড চাষ এবং সীউইডজাত পণ্য উৎপাদন গবেষণা প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) ৬ষ্ঠ সভার কার্যবিবরণী**

স্মারক নং- ৩৩.০৪.০০০০.১০৭.০১.০২৩.১৭- ৬৫৮৭ | তারিখ: ২৯ সেপ্টেম্বর ২০২১

| | |
|---|---|
| সভাপতি | : ড. ইয়াহিয়া মাহমুদ, মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট |
| স্থান | : Online Zoom Platformএর মাধ্যমে |
| তারিখ ও সময় | : ২৯-০৯-২০২১ ইং সকাল ১১.০০ ঘটিকা |
| উপস্থিতি | : পরিশিষ্ট-ক |

০১। সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি মহোদয় সভার আলোচ্য সূচি উপস্থাপনের জন্য প্রকল্প পরিচালককে আহবান জানান। প্রকল্প পরিচালক সভাপতি মহোদয়ের অনুমোদনক্রমে সভার আলোচ্য সূচি উপস্থাপন করেন। প্রকল্প পরিচালক জানান চলতি ২০২১-২২ অর্থ বছরে প্রকল্পের এডিপি বরাদ্দ ৭৪৬.০০ লক্ষ টাকা এবং চলতি ২০২১-২২ অর্থ বছরের সেপ্টেম্বর পর্যন্ত ব্যয় ৪০.৭১ লক্ষ টাকা এছাড়াও প্রকল্প পরিচালক চলতি ২০২১-২২ অর্থ বছরের প্রধান প্রধান কার্যক্রম উপস্থাপন করেন।

০২। সভায় প্রকল্প পরিচালক জানান যে, খাদ্য ও প্রসাধনী হিসেবে সীউইডজাত পণ্য জনপ্রিয় ও বাজারজাত করার লক্ষ্যে আগামী শীত মৌসুমে বিভিন্ন Tourist spot (যেমন- কক্সবাজার, কুয়াকাটা, সেন্টমার্টিন ইত্যাদি) Food Festival এর আয়োজন করা হবে। একই সাথে কর্মশালার আয়োজন করা হবে। এ প্রেক্ষিতে প্রকল্প পরিচালক বলেন, আরডিপিপিতে অনুষ্ঠান/উৎসবাদি বাবদ বাজেট বৃদ্ধির প্রস্তাবনা ইতোমধ্যে করা হয়েছে। অনুমোদন সাপেক্ষে Food Festival সহ কর্মশালা আয়োজন করা হবে।

০৩। প্রকল্প পরিচালক জানান চলতি ২০২১-২২ অর্থ বছরের জীপ গাড়ী ক্রয়ের প্রস্তাব অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে, এ ব্যাপারে সভাপতি মহোদয় অর্থ মন্ত্রণালয়ে যোগাযোগ অব্যাহত রাখার তাগিদ প্রদান করেন।

০৪। সভাপতি মহোদয় সীউইডের বাণিজ্যিক ব্যবহার নিশ্চিত করনের উপর বিশেষ গুরুত্বারোপ করেন। এ ব্যাপারে প্লানিং কমিশনের প্রতিনিধি উৎপাদিত সীউইড পণ্য বাজারজাতকরণের পর্ব শর্ত হিসেবে বিএসটিআই এর অনুমতি গ্রহণের পরামর্শ প্রদান করেন।

০৫। সভায় আইএমইডি প্রতিনিধি সীউইড গবেষণার বিষয়ে অন্য প্রতিষ্ঠানের সাথে যাতে দ্বৈত্যতা না হয় সে বিষয়ে গুরুত্বারোপ করেন। এ বিষয়ে সভাপতি মহোদয় বলেন বিএফআরআই অনুরূপ কিছু গবেষণা অন্যান্য প্রতিষ্ঠানেও সম্প্রতি শুরু করেছে। ২০১৪ সাল থেকে সীউইড সনাক্তকরণ, চাষ ও সীউইডজাত পণ্য উৎপাদন বিষয়ক গবেষণা পরিচালনা করে আসছে। গবেষণার বিষয়ে অন্য প্রতিষ্ঠানের সাথে দ্বৈত্যতা পরিহারের জন্য সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন।

০৬। সভাপতি মহোদয় আলোচ্য প্রকল্পের আওতায় পটুয়াখালীর কলাপাড়াস্থ নদী উপকেন্দ্রে প্রস্তাবিত গ্রিল ফেন্সিং সহ বাউন্ডারি ওয়াল নির্মাণ, মেইন গেট ও গার্ড সেড নির্মাণ, পুকুরের আরসিসি রিটেইনিং ওয়াল ও তলদেশে মাটি ভরাট এবং গভীর নলকূপ স্থাপন স্পেসিফিকেশন ও ড্রয়িং ডিজাইন দ্রুত প্রস্তুত করার নির্দেশ প্রদান করেন যাতে সংশোধিত ডিপিপি অনুমোদন প্রাপ্তির পরপরই টেন্ডার আহবান করা যায়। কমিটির অন্যান্য সদস্যরাও এ বিষয়ে একমত পোষন করেন।

অতঃপর বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক. আগামী শীত মৌসুমে বিভিন্ন Tourist spot (কক্সবাজার, সেন্টমার্টিন ও কুয়াকাটা) এ Seaweed Food Festival সহ কর্মশালার আয়োজন করতে হবে।
খ. চলতি অর্থ বছরের জীপ গাড়ী ক্রয়ে অর্থ মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ রাখতে হবে।
গ. সীউইড ও সীউইড জাতীয় পণ্য বাজারজাতকরণের পূর্বে বিএসটিআই এর অনুমতি গ্রহণ করতে হবে।
ঘ. সীউইড গবেষণার বিষয়ে দ্বৈত্যতা পরিহার করতে হবে।
ঙ. ডিপিপির আওতায় গ্রিল ফেন্সিং সহ বাউন্ডারি ওয়াল নির্মাণ, মেইন গেট ও গার্ড সেড নির্মাণ, পুকুরের আরসিসি রিটেইনিং ওয়াল ও তলদেশে মাটি ভরাট এবং গভীর নলকূপ স্থাপন স্পেসিফিকেশন ও ড্রয়িং ডিজাইন দ্রুত প্রস্তুত করতে হবে।
চ. চলতি ২০২১-২২ অর্থ বছরে প্রকল্পের এডিপি বরাদ্দের শতভাগ ব্যয় নিশ্চিত করতে হবে।

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

২৯/৯/২১

(ড. ইয়াহিয়া মাহমুদ)
মহাপরিচালক
ও
সভাপতি, (পিআইসি)